# বাংলাদেশ সেনাবাহিনী

## ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস্, ইএমই, এইসি, জেএজি ও আরভিএন্ডএফসি কোরে যোগ দিন।

## ৫৭তম বিএমএ স্পেশাল (ইঞ্জিনিয়ার্স/সিগন্যালস্/ইএমই/এইসি), ৩৫তম ডিএসএসসি জেএজি) এবং ৫০তম ডিএসএসসি (আরভিএন্ডএফসি)

**যোগ্যতাঃ**

১। **বয়স।** ০১ জানুয়ারি ২০২২ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। **শারীরিক মান (ন্যূনতম)ঃ**

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৫ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৭ মিটার (৫ ফুট ২ ইঞ্চি) |
| খ। | ওজন* | ৫৭.০০ কেজি (১২৬ পাউন্ড) | ৪৯.০০ কেজি (১০৯ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |

* উচ্চতা ও বয়স অনুসারে সংশ্লিষ্ট ব্রাঞ্চ/সার্ভিসের জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন।

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত কোরসমূহে বর্ণিত যোগ্যতা সাপেক্ষে আবেদন করতে পারবেনঃ

ক। **ইঞ্জিনিয়ার্স কোর - পুরুষ/মহিলা।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০ সহ নিম্নবর্ণিত বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)ঃ

(১) বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) (২) নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং (৩) আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং।

খ। **সিগন্যালস্ কোর - পুরুষ।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০ সহ নিম্নবর্ণিত বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)ঃ

(১) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স ইনফরমেশন টেকনোলজি।
(২) ইলেকট্রিক্যাল ইলেকট্রনিকস এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং।

গ। **ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইএমই) কোর-(পুরুষ/মহিলা)।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০ সহ নিম্নবর্ণিত বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)

(১) নিউক্লিয়ার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং।
(২) এ্যারোনোটিক্যাল ইঞ্জিনিয়ারিং।

ঘ। **আর্মি এডুকেশন কোর (এইসি) - পুরুষ/মহিলা।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৪.০০ সহ নিম্নবর্ণিত বিষয়সমূহে সিজিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) ফলাফলে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী হতে হবেঃ

(১) ইংরেজি। (৫) সাইকোলজিস্ট।
(২) গণিত। (৬) ম্যানেজমেন্ট।
(৩) মেডিক্যাল ফিজিসিস্ট। (৭) মার্কেটিং।
(৪) আন্তর্জাতিক সম্পর্ক। (৮) অডিওলজিষ্ট।

ঙ। **জাজ এ্যাডভোকেট জেনারেল (জেএজি) - পুরুষ।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০ সহ এলএলবি সম্মান এবং এলএলবি/এমএএলএলএম ডিগ্রীকে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

চ। **রিমাউন্ট ভেটেরিনারী এন্ড ফার্ম কোর - পুরুষ।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০ সহ BSc (Vet & AH)/DVM ডিগ্রী এবং ইন্টার্নশীপ সম্পন্নকারী ও কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

৪। **বৈবাহিক অবস্থা।**

ক। **পুরুষ।** (১) অবিবাহিত।
(২) বিবাহিত (০১ জানুয়ারি ২০২২ তারিখে ২৮ বছরের উপরে বিবাহিত প্রার্থীগণ আবেদন করতে পারবেন)।

খ। **মহিলা।** অবিবাহিতা/বিবাহিতা।

৫। **জাতীয়তা।** জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক।

**প্রার্থীর জন্য অযোগ্যতাঃ**

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকরি হতে অপসারিত/বরখাস্ত।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক ০২ (দুই) বার ক্রিড আউট/প্রত্যাখ্যাত (একবার ক্রিড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার ক্রিড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

৮। প্রতিটি চোখের দৃষ্টিক্ষমতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি হলে সেক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

**আবেদন করার পদ্ধতিঃ**

১০। **০২ জুলাই ২০২১** তারিখ হতে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে। এক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায়-তে ক্লিক করে বর্ণিত কোর্সে APPLY করতে হবে। আবেদনকারী প্রার্থীগণ Trust Bank t-cash, VISA/Master Card, bkash, Rocket ইত্যাদির মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াশেষে ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে এবং তাৎক্ষণিকভাবে লিখিত পরীক্ষার জন্য কল-আপ লেটার পাওয়া যাবে।

১১। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো কাস্টমার সাপোর্ট নম্বরে (+৮৮০১৭১৩১৬১৯৭৯) সরাসরি যোগাযোগ করুন।

**নির্বাচন পদ্ধতিঃ**

১২। **লিখিত পরীক্ষা।** লিখিত পরীক্ষা (পেশাগত বিষয়ে ১০০ নম্বর) আগামী ০৬ আগষ্ট ২০২১ তারিখ ০৯০০ ঘটিকায় শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করবার প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল আগামী **০১ আগষ্ট ২০২১** তারিখে ওয়েবসাইট ও এসএমএস/টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

১৩। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ২৬ সেপ্টেম্বর হতে ০৫ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত এএফএমআই, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসীট এর মূলকপি প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৪। **আইএসএসবি পরীক্ষা।** লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

১৫। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান।** উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে শূন্যাসনের অনুকূলে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তকরণে নির্বাচিত ঘোষণা এবং পরবর্তীতে যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

১৬। আইএসএসবি প্রোগ্রাম কালের মেয়াদ ০১ বছর (৩৬৫ দিন) বলবৎ থাকবে।

**প্রশিক্ষণ ও কমিশনঃ**

১৭। **বিএমএ প্রশিক্ষণ।** চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর ক্যাডেট হিসাবে বিএমএ'তে ২৪ (চব্বিশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন।

১৮। **কমিশন ও পশ্চাৎ প্রবীণতা।** প্রত্যেকবের সাথে প্রশিক্ষণ সমাপ্তির পর ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস ও ইএমই কোরের অফিসারগণ ক্যাডেন পদে কমিশন এবং বিএমএ'তে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের পশ্চাৎ প্রবীণতা প্রাপ্য হবেন। এইসি, জেএজি এবং আরভিএন্ডএফসি কোরের অফিসারগণ লেঃ পদে কমিশন এবং বিএমএ'তে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছরের পশ্চাৎ প্রবীণতা প্রাপ্য হবেন।

**প্রাপ্ত সুযোগ সুবিধাঃ**

১৯। **বেতন-ভাতা।** সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসারগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন।

২০। **অন্যান্য বিশেষত্ব।**

ক। **উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণ।** ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণের সুযোগ।

খ। **বাসস্থান।** নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ।

গ। **চিকিৎসা।** সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

ঘ। **সন্তানদের অধ্যয়ন।** নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (BUP) এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ।

**বিশেষ নির্দেশনাঃ**

২১। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২২। বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

২৩। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

**আবেদনের শেষ তারিখ ২৪ জুলাই ২০২১**
**অনলাইনে আবেদন করতে ক্লিক করুন**
https://joinbangladesharmy.army.mil.bd

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা

**আবেদনের শেষ তারিখ**
**২৪ জুলাই ২০২১**